

এল এম

২৩.০১.৯০২.৮৫৮.৩৬.৭৮৬.০৭

সাধারণ নির্দেশিকাঃ বিইউপি আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০২৩ আয়োজন প্রসঙ্গে।

- ১। **সাধারণঃ** অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ছাত্রদের অংশগ্রহণে ‘বিইউপি আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০২৩’ আগামী ১১ সেপ্টেম্বর ২০২৩ হতে ০২ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতাটি সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে বিইউপি’র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের সম্পৃক্ততা একান্তভাবে অপরিহার্য।
- ২। **উদ্দেশ্যঃ** বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর ‘বিইউপি আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০২৩’ সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রণয়ন।
- ৩। **স্থান, তারিখ ও সময়ঃ**
- ক। **স্থানঃ** ৬ স্বতন্ত্র এডিএ ব্রিগেড ট্রেনিং মাঠ।
- খ। **তারিখঃ** ১১ সেপ্টেম্বর ২০২৩ হতে ০২ অক্টোবর ২০২৩।
- গ। **ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণীঃ** সম্ভাব্য তারিখ আগামী ০২ অক্টোবর ২০২৩ (সময় ও অন্যান্য বিষয় পরবর্তীতে জানানো হবে)।
- ৪। **প্রতিযোগিতার যাবতীয় কার্য সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলোঃ**
- ক। **প্রধান সমন্বয়কারী** : লে কর্নেল নূর মোহাম্মদ শিকদার, পিএসসি, ইবি (অব.), পরিচালক (ভারপ্রাপ্ত)।
- খ। **সহকারী সমন্বয়কারী** : মেজর মোঃ আখলাক-উজ-জামান, এসপিপি, পদাতিক, ডেপুটি রেজিস্ট্রার (এডমিন)।
- গ। **সদস্যঃ**
- ১) সহকারী পরিচালক শাহাদাৎ হোসাইন
- ২) সহকারী পরিচালক তাহেরা দিল আফরোজ
- ৩) সিনিয়র ওয়ারেন্ট অফিসার শেখ হাবিবুর রহমান (এডমিন জেসিও)
- *৪) প্রত্যেক ফ্যাকাল্টি হতে ১× শিক্ষক/কর্মকর্তা (আগামী ০৩/০৯/২০২৩ তারিখের মধ্যে অত্র অফিসে নাম প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ঘ। **দায়িত্ব নিম্নরূপঃ**
- ১) প্রতিযোগিতার সকল কার্যক্রমের সার্বিক সমন্বয় সাধন ও সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করা।
- ২) প্রতিযোগিতা সুষ্ঠু ভাবে সম্পন্নের জন্য যথাযোগ্য নিয়ম কানুন নির্দিষ্ট করা।
- ৩) প্রয়োজনীয় সংখ্যক পুরস্কার প্রস্তুত/ক্রয়ের ব্যবস্থা করা।
- ৪) অংশগ্রহণকারী প্রত্যেক দলের ম্যানেজারদের (শিক্ষক/কর্মকর্তা) উপস্থিতিতে লটারির মাধ্যমে ফিল্ডচার প্রস্তুত করা।
- ৫) প্রতিযোগিতা সম্পর্কিত যাবতীয় অভিযোগ/প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ৬) প্রয়োজনীয় সংখ্যক রেফারি নিয়োগের ব্যবস্থা।
- ৭) অন্যান্য বিষয়াদী যখন যা প্রয়োজন।
- ৫। **প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলঃ**
- (ক) অত্র বিশ্ববিদ্যালয়ের ০৪টি ফ্যাকাল্টির সকল বিভাগের নিয়মিত ছাত্র (পুরুষ) অংশগ্রহণ করবেন।
- (খ) প্রত্যেক দল ১৬ জন খেলোয়াড় ও ০১ জন টিম ম্যানেজার (কর্মকর্তা/শিক্ষক) এর সমন্বয়ে গঠিত হবে।
- ৬। **শৃঙ্খলা ও নিরাপত্তাঃ**
- ক। **সভাপতিঃ** মেজর মোঃ ইকবাল আহমেদ, পিবিজিএম, পদাতিক, চীফ সিকিউরিটি অফিসার।
- খ। **সদস্যঃ**
- (১) সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ হুমায়ন কবির
- (২) সিকিউরিটি সুপারভাইজার মোঃ একরাম হোসেন
- গ। **দায়িত্বঃ**
- ১) মাঠে সমর্থক দলের আচরণ নিয়ন্ত্রণ করা এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা।
- ২) প্রতিযোগিতা সুশৃঙ্খলভাবে সম্পন্নের জন্য সমন্বয় কমিটিকে যথাযথ সহায়তা করা।

৭। মাঠ তৈরি ও প্যান্ডেল স্থাপনঃ

ক। সংগঠনঃ

- (১) সহকারী পরিচালক শাহাদাৎ হোসাইন
- (২) সিএসএম সার্জেন্ট মোঃ আব্দুল্লাহ আল মামুন
- (৩) অফিস সহায়ক মোঃ রাজিব হোসেন
- (৪) গ্রাউন্ডসম্যান মোঃ শফিউল আলম
- (৫) গ্রাউন্ডসম্যান বুরহান উদ্দিন

খ। কাজঃ প্রতিযোগিতা শুরু পূর্বেই মাঠ যথাযথভাবে তৈরি করা।

৮। উপস্থাপনা ও ধারাভাষ্যঃ

ক। সংগঠনঃ সহকারী পরিচালক তাহেরা দিল আফরোজ

খ। কাজঃ প্রতিযোগিতা চলাকালীন সময়ে ধারাভাষ্য বর্ণনা করা।

৯। প্রাথমিক চিকিৎসা ও জরুরী যানবাহনঃ মেডিক্যাল সেন্টার প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং এমটি দপ্তর জরুরী প্রয়োজনে এ্যাম্বুলেন্স ও যানবাহনের ব্যবস্থা গ্রহণ করবে।

১০। শব্দ ব্যবস্থাপনাঃ আইসিটি সেন্টার প্রয়োজনীয় পিএ ইকুইপমেন্টসহ শব্দ সরঞ্জামের ব্যবস্থা গ্রহণ করবে।

১১। ব্যানার তৈরী ও চিত্র গ্রহণঃ পাবলিক রিলেশন, ইনফরমেশন অ্যান্ড পাবলিকেশন প্রয়োজনীয় সংখ্যক ব্যানার তৈরী ও খেলা চলাকালীন সময়ে হির ও ভিডিও চিত্র ধারণের ব্যবস্থা করবে।

১২। ফিকচার ও নিয়মাবলীঃ খেলার ফিকচার ও নিয়মাবলী পরবর্তিতে জানানো হবে।

১৩। খেলাধুলার সরঞ্জামঃ খেলার প্রয়োজনীয় সরঞ্জাম বিইউপি'র শারীরিক শিক্ষা কেন্দ্র হতে সরবরাহ করা হবে।

১৪। নামীয় তালিকাঃ স্তবক ৫ এর খ অনুযায়ী খেলাধুলার দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা (১ জন) এবং খেলোয়াড়দের (নিয়মিত ছাত্র) নামীয় তালিকা আগামী ০৩/০৯/২০২৩ তারিখের মধ্যে অত্র অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৫। উপসংহারঃ প্রতিযোগিতাটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ একান্তভাবে কাম্য।



নূর মোহাম্মদ শিকদার
লে. কর্নেল (অবঃ)

২৬ আগস্ট ২০২৩

বার্ষিক ১৬৭৫

প্রতি:

(সকল ফ্যাকাল্টি/বিভাগ/দপ্তর/শাখা)